

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত উন্নয়ন এর আই এস ডি ডিভিশন-২, ঢাকা।			
তারিখ নং:	তারিখ:	অফিসার:	
২৭০০	৩১/১০/১৯	[স্বাক্ষর]	
আ.স.:	স.স.:	ক.বি.ক.:	নি.ক.:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.০২.১০১.১৯.১০১৩

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০

২৮ নভেম্বর ২০২৩

বিষয়: ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররমস্ব কার্যালয়ের নীচতলা, দ্বিতীয় তলা, ও তৃতীয় তলার বিভিন্ন বৈদ্যুতিক কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।।

সূত্র: সচিব (উপ-সচিব), এর স্মারক নং/১৬.০১.০০০০.০৩৫.০১.০০৩.২২.১৪২৯(ক) তারিখঃ ০৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ)

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা মাত্র ব্যয় করার জন্য বরাদ্দ করা হলো।

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে সচিব (উপ সচিব), ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা কর্তৃক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ১টি চেকের মাধ্যমে ন্যস্তকৃত ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা, যার চেক নং CB-50-2364398 তারিখ-০৯-১০-২০২৩ খ্রিঃ, সোনালি ব্যাংক লিমিটেড, বাইতুল মোকাররম শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

- শর্তসমূহঃ
- প্রত্যশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
 - কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
 - বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
 - বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে/ নিরীক্ষা কাজের প্রয়োজনে এ অর্থ ব্যয়ের বিপরীতে সকল বিল-ভাউচারের অনুলিপি সচিব (উপ সচিব), ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে।
 - পিপিএ: ২০০৬ ও পিপিআর: ২০০৮ (সকল সংশোধনীসহ) এর সমুদয় বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ চেক নং-CB-50-2364398 তারিখ-০৯-১০-২০২৩ খ্রিঃ

সোনালি ব্যাংক লিমিটেড, বায়তুল মোকাররম, শাখা, ঢাকা